

## 💵 ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ সালামের আদব রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

পরিচিত হোক অথবা না হোক প্রত্যেক মুসলিমকে সালাম দেওয়া সুন্নাত

এক ব্যক্তি আল্লাহর রসূল (ﷺ)\_কে জিজ্ঞাসা করল যে,

أَيُّ الْإِسْلَام خَيْرٌ قَالَ تُطْعِمُ الطَّعَامَ وَتَقْرَأُ السَّلَامَ عَلَى مَنْ عَرَفْتَ وَعَلَى مَنْ لَمْ تَعْرِفْ

'কোন্ ইসলাম উত্তম? (ইসলামের কোন্ কোন্ কাজ উত্তম কাজ?) উত্তরে তিনি বললেন, "(অভাবীকে) খাদ্যদান করা এবং পরিচিত-অপরিচিত সবাইকে সালাম দেওয়া।"[1]

মহানবী (ﷺ) বলেন, ''কিয়ামতের একটি আলামত এই যে, লোকেরা কেবল পরিচিত লোককে সালাম দেবে।''[2]

## ফুটনোট

- [1]. বুখারী তাওহীদ পাবঃ হা/৬২৩৬, মুসলিম আল-মাকতাবাতুশ-শামেলা হা/৩৯, মিশকাত হাদীস একাডেমী হা/৪৬২৯
- [2]. আহমাদ ১/৪০৭-৪০৮, সিলসিলাহ সহীহাহ আল-মাকতাবাতুশ-শামেলা হা/৬৪৮

Source — https://www.hadithbd.com/books/link/?id=7975

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন